

# আজকের রাশিফল

॥ ১৯ মার্চ, বুধবার, ২০০৮ ॥

পাশ্চাত্য জ্যোতিষ পদ্ধতি অনুযায়ী রবি আজ মীন রাশিতে অবস্থান করছে। আজ যদি আপনার জন্মদিন হয় তবে পাশ্চাত্য জ্যোতিষে আপনি মীন রাশির জাতক-জাতিকা। আপনার জন্মসংখ্যা ১। আপনার উপর প্রভাবকারী গ্রহ নেপচুন ও রবি। আপনার শুভ সংখ্যাঃ ১, ৩, ৪, ৫, ৭ ও ৯। শুভবারঃ রবি ও সোম। শুভ রত্নঃ একুয়ামেরিন, রুবি ও পোখরাজ।

প্রকৃতিগতভাবে আপনি সৃজনশীল, সাহসী ও উদ্যমী। দৃঢ় ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী। আপনার ইনটুইশন প্রখর। মৌলিক উদ্ভাবনী ক্ষমতা আছে আপনার। আবেগপ্রসূত সিদ্ধান্ত নেয়ার মারাত্মক প্রবণতা থাকতে পারে আপনার মধ্যে। সিদ্ধান্ত গ্রহণ ও পরিকল্পনা রচনায় আপনাকে ধীরস্থির হতে হবে।

জন্মগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্ব : অভিযাত্রী ডেভিড লিভিংস্টোন, বিজ্ঞানী নরম্যান হাওয়ার্থ ও নাসরিন রিয়াজ প্রমুখ।

## দ্বাদশ রাশির পূর্বাভাস



**মেঘ রাশি (২১ মার্চ-২০ এপ্রিল) ॥** খরচের ব্যাপারে হিসেব করে চলার চেষ্টা করুন। অন্যথায় আর্থিক দুশ্চিন্তায় ভুগবেন। কাজকর্মে কারো সহযোগিতা পাবেন। প্রত্যাশা পূর্ণ হতে পারে। ভ্রমণ ফলপ্রসূ হবে।



**বৃষ রাশি (২১ এপ্রিল-২০ মে) ॥** বিবাদে জড়াবার আশংকা আছে। শরীর ভালো যাবে না। শত্রু পক্ষের তৎপরতা বৃদ্ধি পাবে। রোমান্টিক যোগাযোগ ফলপ্রসূ হতে পারে। প্রাপ্তি যোগ আছে।



**মিথুন রাশি (২১ মে-২০ জুন) ॥** অকারণ ব্যয় পরিহার করার চেষ্টা করুন। ভ্রমণ বাধাগ্রস্ত হতে পারে। আর্থিক ব্যাপারে মন দুশ্চিন্তাগ্রস্ত হতে পারে। শরীর ভালো যাবে না। প্রয়োজনে পরিকল্পনা পাল্টাতে হতে পারে।



**কর্কট রাশি (২১ জুন-২০ জুলাই) ॥** কোন আত্মীয়ের জন্য মন দুশ্চিন্তাগ্রস্ত থাকবে। ব্যয় বৃদ্ধি পাওয়ার আশংকা আছে। অকারণ উত্তেজনা পরিহার করুন। ভ্রমণের সুযোগ পেতে পারেন। প্রণয়ে হতামা দেখা দিতে পারে।



**সিংহ রাশি (২১ জুলাই-২১ আগস্ট) ॥** কেউ আজ আপনার ক্ষতি করার চেষ্টা করবে। শরীর ভালো যাবে না। প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিতে হতে পারে। প্রিয় সান্নিধ্য আনন্দদায়ক হতে পারে। ব্যবসায়িক দিক ভালো যাবে না।



**কন্যা রাশি (২২ আগস্ট-২২ সেপ্টেম্বর) ॥** ব্যবসায়ীদের জন্য দিনটি শুভ। পুরনো কোন প্রত্যাশাপূর্ণ হতে পারে। মাতৃস্বাস্থ্য ভালো যাবে। বিলাশ দ্রব্য কেনাকাটা হতে পারে। বন্ধুদের সহযোগিতা পাবেন।



**তুলা রাশি (২৩ সেপ্টেম্বর-২২ অক্টোবর) ॥** পারিবারিক কোন ব্যাপারে মন দুশ্চিন্তাগ্রস্ত হতে পারে। কর্মস্থলে কোন ধরনের পরিবর্তনের কথা চলতে পারে। কেউ আজ আপনার সহযোগিতায় এগিয়ে আসতে পারে। সম্মান ও মর্যাদা বৃদ্ধির যোগ আছে। পিতৃস্বাস্থ্য ভালো যাবে।



**বৃশ্চিক রাশি (২৩ অক্টোবর-২১ নভেম্বর) ॥** অপরের কোন বিষয়ে দুশ্চিন্তায় ভুগবেন। কর্মোন্নতির যোগ আছে। পারিবারিক পরিবেশ অনুকূল থাকবে। বাড়ীতে কোন শুভ অনুষ্ঠান হতে পারে। প্রিয় সান্নিধ্য আনন্দদায়ক হতে পারে।



**ধনু রাশি (২২ নভেম্বর-২০ ডিসেম্বর) ॥** বিপদে থেকে রক্ষা পাবেন। ব্যবসায়িক দিক ভালো যাবে। সন্তানের কোন ব্যাপারে উদ্বেগ হতে পারেন। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ নয়। বিবাদ এড়িয়ে চলার চেষ্টা করুন।



**মকর রাশি (২১ ডিসেম্বর-১৯ জানুয়ারি) ॥** পারিবারিক পরিবেশ অনুকূল থাকবে। কর্মক্ষেত্রে অপরের সহযোগিতা পাবেন। তবু কেউ সুনাম নষ্ট করার চেষ্টা করতে পারে। ব্যবসায়িক দিক ভালো যাবে না। লেনদেনে সতর্কতা অবলম্বন করুন।



**কুম্ভ রাশি (২০ জানুয়ারি-১৮ ফেব্রুয়ারি) ॥** শত্রুপক্ষের তৎপরতা বৃদ্ধি পাবে। কোন বন্ধুও শত্রুতা করতে পারে। কর্ম পরিবেশ অনুকূল থাকবে। বাড়ীতে অতিথি সমাগম হতে পারে। রোমান্টিক যোগাযোগ শুভ।



**মীন রাশি (১৯ ফেব্রুয়ারি-২০ মার্চ) ॥** বাড়ীতে কারো বিয়ে আলোচনা হতে পারে। বিদ্যার্থীদের জন্য সময় খুব একটা অনুকূল নাও থাকতে পারে। রোমান্টিক বিষয়াদিতে সতর্কতা অবলম্বন করুন। চঞ্চলতার জন্য ক্ষতিগ্রস্ত হতে পারেন।

মনোবল বৃদ্ধির চেষ্টা করুন।